



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com, Website: [www.updfcht.org](http://www.updfcht.org)

Ref:

Date: ২৬ ডিসেম্বর ২০০৮

### প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ-এর এক দশক পূর্তি উপলক্ষে চা চক্র ও আলোচনা সভা অনুষ্ঠিত

## ইউপিডিএফ-এর নেতৃত্বে ঐক্যবদ্ধ হোন

--পার্টি সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা

আজ ২৬ ডিসেম্বর ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর এক দশক পূর্তি উপলক্ষে সকাল ১১টায় খাগড়াছড়ির নারায়ণিয়াস্থ সাংস্কৃতিক ইনস্টিটিউট হল রুমে এলাকার বয়ঃজ্যেষ্ঠ মুরব্বী ও প্রতিনিধিস্থানীয় ব্যক্তিদের সম্মানে এক আলোচনা সভা ও চা চক্র অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য শ্রব জ্যোতি চাকমা। সভায় বক্তব্য রাখেন ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা, ২৯৮ নং খাগড়াছড়ি আসনে সংসদ পদপ্রার্থী ও ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য উজ্জ্বল স্মৃতি চাকমা, ২৪২ নং পুজগাঙ মৌজার হেডম্যান চাইলাফ্র চৌধুরী, লতিবান ইউনিয়নের প্রাক্তন চেয়ারম্যান খগেশ্বর ত্রিপুরা এবং ঠিকাদার কল্যাণ সমিতির সভাপতি রবি শংকর তালুকদার। পরিচালনা করেন হিল উইমেন্স ফেডারেশনের সভাপতি সোনালী চাকমা ও স্বাগত বক্তব্য রাখেন ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য অনিমেধ চাকমা।

এক দশক পূর্তির বিশেষ দিনে পার্টির সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা ইউপিডিএফ-এর নেতৃত্বে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি দখলের বিরুদ্ধে আঞ্চলিক পরিষদের গদিতে আসীন থেকেও একটি সংগঠনের নিষ্ক্রিয়তা দুঃখজনক ও নিন্দনীয় বলে তিনি মন্তব্য করেন। যারা আত্মঘাতী সংঘাত লাগিয়ে কায়মী স্বার্থগোষ্ঠীকে লাভবান করেছিলো, তা বন্ধের লক্ষ্যে ইউপিডিএফ বার বার প্রচেষ্টা চালিয়ে এসেছে। কিন্তু তাদের গৌয়ার্ত্মির কারণে তা সম্ভব হয়নি। হেডম্যান চাইলা ফ্র চৌধুরী প্রশ্ন রেখে বলেন লিখিত চুক্তিই পাইনি, অলিখিত কী ছিলো কে জানে? অলিখিত চুক্তি বলে কোন কিছুই অস্তিত্ব নেই। নিজের বসতভিটা বেদখল হয়ে গেছে। চুক্তির পরও দুর্দশার অবসান হয়নি বলে তিনি ক্ষোভ প্রকাশ করেন এবং ইউপিডিএফ-এর নেতৃত্বে সংগঠিত হতে হবে বলে মন্তব্য করেন।

লতিবান ইউনিয়নের চেয়ারম্যান খগেশ্বর ত্রিপুরা তার বক্তব্যে বলেন তথাকথিত জাতীয় দল দিয়ে কিছুই হবে না। আমাদের নিজস্ব পার্টি দরকার।

ইউপিডিএফ-এর এক দশক পূর্তি উপলক্ষে খাগড়াছড়ি শহরের গুরুত্বপূর্ণ জায়গায় পোস্টারিং এবং চেঙ্গী বিজের দু'পার্শ্বে ফেস্টুন ঝুলানো হয়েছে। পার্টির ইউনিট দপ্তরসমূহে সকাল থেকে ইউপিডিএফ ও জাতীয় পতাকা উত্তোলন করা হয়। আজ সন্ধ্যায় খাগড়াছড়ির সর্বোচ্চ পাহাড় আলুটিলার বৌদ্ধ মন্দির হতে দশটি ফানুস (আকাশ প্রদীপ) উত্তোলন করে ইউপিডিএফ-এর এক দশক পূর্তিকে স্বাগত জানানো হবে। এছাড়াও পেরাছড়া, শিবমন্দির ও মিলনপুর থেকেও দশটি করে ফানুস উত্তোলন করা হবে। রাঙ্গামাটি জেলার কাউখালি, নান্যচর, লংগুদু, জুরছড়ি ও বরকল উপজেলার বেশ ক'টি এলাকা থেকে এক যোগে ফানুস উত্তোলনের কর্মসূচি ও আলোচনা সভা রয়েছে।

উল্লেখ করা যেতে পারে, আজ রাঙ্গামাটিতে কেন্দ্রীয়ভাবে পৌরসভা মিলনায়তনে সভা থাকলেও ষড়যন্ত্রের কারণে তা পিছিয়ে দেয়া হয়েছে। বনরূপাতে ঘরোয়াভাবে আলোচনা সভা করার সময় প্রশাসনের প্রশ্রয়ে সন্তু লারমা ভাড়াটে মান্তানদের হুমকি প্রদানের ঘটনা ঘটেছে। খাগড়াছড়ি জেলা ইউনিট এ ব্যাপারে কড়া প্রতিবাদ জানিয়েছে। অবিলম্বে দোষী ব্যক্তিদের শাস্তির দাবি জানিয়েছে। অন্যথায় ইউপিডিএফ কঠোর কর্মসূচি দেয়া হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করা হয়েছে।

বার্তা প্রেরক :

অপু চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

খাগড়াছড়ি জেলা ইউনিট।